দৈনিক [illegible]

পৃঃ ৮ ... ৫

03

শিক্ষানীতি আজ মন্ত্রিপরিষদে পেশ

# অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা হিসাবে বিবেচনা করা হচ্ছে

শাহনেওয়াজ

বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখন্ডতা রক্ষার প্রতি শিক্ষার্থীকে সচেতন এবং মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষার্থীদের অনুপ্রাণিত করার লক্ষ্য নিয়ে

(৭-এর পাতায় দেখুন)

## অষ্টম শ্রেণী পর্যন্ত প্রাথমিক

(৮-এর পাতার পর)

তৈরি, 'জাতীয় শিক্ষানীতি' আজ সোমবার মন্ত্রিপরিষদের বৈঠকে উপস্থাপন করা হচ্ছে। আর এই জাতীয় শিক্ষানীতি আগামী ১২ বছরে পর্যায়ক্রমে বাস্তবায়ন করতে বিভিন্ন খাতে অতিরিক্ত ব্যয় হবে প্রায় ৩০ হাজার কোটি টাকা। এই নতুন শিক্ষানীতিতে যে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবর্তন হবে তা হলো প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণী ও মাধ্যমিক শিক্ষাকে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত নিয়ে যাওয়া হবে। জানা গেছে, আজকের মন্ত্রিপরিষদের বৈঠকে জাতীয় শিক্ষানীতির বাস্তবায়নের লক্ষ্যে 'অর্থায়ন' বিষয়টি প্রাধান্য পাবে। একই সাথে অগ্রাধিকার ভিত্তিতে কোন কোন সুপারিশ বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেয়া যায়, এ বিষয়ে বেশ কয়েকজনের মতামত গ্রহণ করা হবে।